১০। মথুরার অত্যাচারী রাজা ছিলেন কংস। তার অত্যাচারে মথুরার প্রজারা অতিষ্ঠ হয়ে উঠেছিল। তাই কংসের অত্যাচার থেকে প্রজাদের রক্ষা করার জন্য ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তিনি অত্যাচারী রাজা কংসকে হত্যা করেন।

ক) কংস কে ছিলেন? ১

খ) শ্রীকৃষ্ণের জীবনী থেকে আমরা কী নৈতিক শিক্ষা পাই? ২

গ) ভগবান শ্রীকষ্ণের নৈতিক শিক্ষা তোমার জীবনে কীভাবে প্রয়োগ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শ্রীকৃষ্ণ কর্তৃক কংস বধের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। বাদল ও অশোক খুব ঘনিষ্ঠ বন্ধু। অশোক একজন উচ্চপদস্থ কর্মকর্তা। কিন্তু বাদলের অবস্থাততটা ভালো নয়। ভাগ্যক্রমে বাদল একদিন অশোকের অফিসে চাকরির খোঁজে আসে। অশোককে দেখে বাদল নিজের অবস্থানের জন্য লজ্জিত হলেও অশোক তাকে বুকে টেনে নেয় এবং তাকে সাহায্য করার প্রতিশ্রুতি দেয়।

ক) শিশুপাল কোন রাজ্যের রাজা ছিলেন? ১

খ) ভগবান শ্রীকৃষ্ণ কোন জরাসন্ধকে বধ করেন? ২

গ) অশোক বাবুর সাথে ভগবান শ্রীকষ্ণের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) "ভগবান শ্রীকষ্ণের বন্ধুবাৎসল্য আর অশোক বাবুর কর্মকান্ড যেন এক সূত্রে গাঁথা।" - বিশ্লেষণ কর। ৪

# মূল্যায়ন পরীক্ষা-২০২০

## শ্রেণি: অষ্টম

## বিষয়ঃ হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[দ্রষ্টব্য: যে কোনটি ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]**

১। ঈশ্বর এক ও অদ্বিতীয়। তিনি নিরাকার, আবার তিনি তাঁর অসীম শক্তির বলে সাকার রূপ ধারণ করতে পারেন। সকল সাকার রূপ একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ। আমরা ঈশ্বরের নিরাকার রূপকে ব্রহ্ম বলে থাকি।

ক) ঈশ্বরের স্বরূপ কয়টি? ১

খ) 'ঈশ্বর এক ও অদ্বিতীয়।' ব্যাখ্যা কর। ২

গ) ঈশ্বরের স্বরূপ উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ) "সকল সাকার রূপই একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ।" - উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২। ব্রহ্মা, শ্রীরামচন্দ্র, গণেশ, সরস্বতী, নিরাকার ঈশ্বর, অবতার, দেব-দেবী, সাকার শ্রীকৃষ্ণ এঁদের মধ্যে রয়েছে নিরাকার ঈশ্বর যিনি ব্রহ্মা, যিনি সৃষ্টির দেবতা। গণেশ সিদ্ধিদাতা, সরস্বতী বিদ্যার দেবী, অবতার এবং দ্বাপর যুগের অবতার হয়েও তিনি হলেন স্বয়ং ভগবান অর্থাৎ ভগবান শ্রীকৃষ্ণ।

ক) ঈশ্বর শব্দের অর্থ কী? ১

খ) ঈশ্বর পৃথিবীতে অবতাররূপে আর্বিভূত হন কেন? ২

গ) উদ্দীপকের আলোকে ঈশ্বর ও অবতারের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ) "নিরাকার ঈশ্বর, অবতার ও দেব-দেবী- সব মিলিয়ে এক ঈশ্বর।" - উক্তিটর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩। সজল ও কাজল দুই ভাই। তারা নিয়মিত বেদের ভিন্ন ভিন্ন সংহিতা অধ্যয়ন করে। সজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তা বর্তমানে সুর করে গান গাওয়ার আদি উৎস। আর কাজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তা থেকেই জ্যামিতি বা ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভ ঘটেছে। এভাবে দুই ভাই বেদ অধ্যয়নের মাধ্যমে তাদের জীবনকে সুস্থ, সুন্দর ও পরিপাটি করে গড়ে তোলার চেষ্টা করে।

ক) অথর্ববেদের প্রাচীন নাম কী? ১
খ) বৈদিক সাহিত্য বলতে কী বোঝায়? ২
গ) তসজল বেদের যে সংহিতাটি অধ্যয়ন করে তার বর্ণনা দাও। ৩
ঘ) "কাজলের পঠিত বেদ থেকেই ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভব ঘটেছে।"- মূল্যায়ন কর। ৪

৪। শোভন বর্ণবাদকে পছন্দ করেন না। তিনি মনে করেন, এটা হিন্দুধর্মের একটা কুসংস্কার। শ্রীমদভগবদ্গীতার আলোকে তিনি মানুষের চরিত্র নির্ণয় করেন। ধনী-দরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত সকলেই তাঁর কাছে সমদর্শী।

ক) ' শ্রীমদভগবদ্গীতার' অপর নাম কী? ১
খ) উক্ত ধর্মগ্রন্থটিকে সকল উপনিষদের সার বলা হয় কেন? ২
গ) বর্তমান হিন্দু সমাজ থেকে তুমি কীভাবে বর্ণবাদ উচ্ছেদে ভূমিকা রাখতে পার? গীতার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ) দার্শনিক গ্রন্থ হিসেবে, "গীতা পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ গ্রন্থ"- বিশ্লেষণ কর। ৪

৫। বেদ হিন্দুদের আদি ধর্মগ্রন্থ। এ ধর্মগ্রন্থকে কেন্দ্র করে ধর্মভিত্তিক এক বিশাল সাহিত্য গড়ে উঠেছে যার নাম বৈদিক সাহিত্য। আর এ বৈদিক সাহিত্যই কবিতা, গান, চিকিৎসা, ভূ-বিদ্যা ও বর্ষপঞ্জির উৎপত্তির উৎস। এই পবিত্র ধর্মগ্রন্থ আমাদেরকে ঈশ্বরকে জানার বিভিন্ন জ্ঞান ও নৈকট্য প্রদান করে।

ক) যজ্ঞ কাকে বলে? ১
খ) 'সাম' সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ) জ্যামিতি বা ভূমি পরিমাপ বিদ্যার উদ্ভব ঘটেছে কীভাবে বর্ণনা কর। ৩
ঘ) " কবিতা, গান, চিকিৎসা, ভূ-বিদ্যা ও বর্ষপঞ্জি - ইত্যাদির উৎপত্তির কেন্দ্রবিন্দু হলো বেদ।" - বিশ্লেষণ কর । ৪

৬। বিকাশদের বাড়িতে প্রতি বছর এক বিশেষ যজ্ঞের আয়োজন করে। এ যজ্ঞে পুরোহিত মহাশয় মন্ত্রগুলোকে সুর করে পাঠ করে এবং যজ্ঞের অন্যান্য নিয়ম-কানুন অনুসরণ করেন। যজ্ঞের এক পর্যায়ে পুরোহিত মহাশয় ভক্তদের উদ্দেশ্যে বলেন, বেদের এ খন্ড অনুশীলনের মাধ্যমে বিশ্বপ্রকৃতি ও জীবন সম্পর্কে পরিপূর্ণ জ্ঞান লাভ সম্ভব।

ক) 'বেদ' শব্দের অর্থ কী? ১
খ) বেদকে অপৌরুষেয় বলা হয় কেন? ২
গ) বিকাশদের বাড়িতে পুরোহিত মহাশয় কোন বেদের আলোকে যজ্ঞ করেছিলেন? বর্ণনা কর। ৩
ঘ) উদ্দীপকের পুরোহিত মহাশয়ের উক্তিটি কি সঠিক? তোমার পাঠ্য পুস্তকের আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

৭। সঞ্জীব রায় জীবন, পরম পুরুষ, ব্রহ্ম তথা ঈশ্বরতত্ত্ব নিয়ে গবেষণা করছেন। এক্ষেত্রে তিনি আদি গ্রন্থের সহায়তা নিচ্ছেন। তাছাড়া বৈদিক সাহিত্যকে জানার জন্য তিনি গ্রন্থটিকে অধ্যয়ন যথেষ্ট বলে মনে করেন।

ক) উপনিষদ কী? ১
খ) চতুবর্ণ বলতে কী বোঝায়? ২
গ) সঞ্জীব রায় তার গবেষণা কাজে কোন বিশেষ গ্রন্থের সহায়তা নিচ্ছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) সঞ্জীব রায়ের শেষোক্ত মতামত তুমি সমর্থন কর কি? যৌক্তিক মতামত দাও। ৪

৮। দেশেপ্রেম ধর্মের অঙ্গ। দেশপ্রেম মানব জীবনের একটি মহৎ গুণ। ধর্মগ্রন্থে বলা হয়েছে - 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদ্বপি গরীয়সী'।
ক) ধর্মগ্রন্থ কাকে বলে? ১
খ) নৈতিক শিক্ষা বলতে কী বোঝ? ২
গ) 'দেশপ্রেম ধর্মের অঙ্গ' ব্যাখ্যা কর। ৩
ঘ) 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদ্বপি গরীয়সী' - উক্তিটির যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর ৪

৯। সৈকত বাবু একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি এলাকায় বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। এলাকার রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন করেছেন। এলাকার লোকজন এজন্য খুব খুশি।
ক) নৈতিক শিক্ষা কাকে বলে? ১
খ) মহামুলি পুলস্ত্য কার্তবীর্যার্জুনের কাছে কেন গিয়েছিলেন? ২
গ) সৈকত বাবুর মধ্যে ধর্মীয় নৈতিক শিক্ষার কোন গুনটি ফুটে উঠেছে ব্যাখ্যা কর। ৩
ঘ) সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সৈকত বাবুর নৈতিক শিক্ষার প্রভাব মূল্যায়ন কর। ৪